




ঢাকা বিশ্ববিদ্যালয়

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর'এর ১৬৫তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আগামী ২৫ বৈশাখ ১৪৩৩/ ০৮ মে ২০২৬ তারিখ শুক্রবার বেলা ১১:০০টায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে প্রবন্ধ উপস্থাপন ও আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। জন্মবার্ষিকী উদ্‌যাপনে এবারের প্রতিপাদ্য বিষয় 'শান্তি ও মানবতার কবি রবীন্দ্রনাথ'। এ বিষয়ে স্মারক বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সিরাজুল ইসলাম (সিরাজ সালেকীন)। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা, মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. আবদুস সালাম এবং মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. এম. জাহাঙ্গীর আলম চৌধুরী।

উক্ত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়


মুনসী শামস উদ্দিন আহম্মদ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারকনং-রেজি/প্রশা-৩/

৭২০২২- জি

তারিখ:

২৭/১২ /১৪৩৩ বঙ্গাব্দ
৩০/১২ /২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. সিনেট ও সিন্ডিকেট সদস্যগণের নিকট ঢাকা বিশ্ববিদ্যালয়